ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১৯তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩০ আশ্বিন ১৪২৪, ১৫ অক্টোবর ২০১৭

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের ফুলেল শুভেচ্ছা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৭ অক্টোবর ২০১৭ জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগদান শেষে দেশে ফিরে এলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ফুলেল শুভেচ্ছা জানান।

আজ ঢাবি শোক দিবস

আজ ১৫ অক্টোবর ২০১৭ ভাবগম্ভীর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক দিবস পালিত হয়। এ উপলক্ষে গত ৫ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উপাচার্য দফতর সংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে শোক দিবসের কর্মসূচী গ্রহণ করা হয়। সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট এবং বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। এসব কর্মসূচি হলো ঃ সকাল ৬:০০টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ; সকাল ৭:৩০টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক মিছিল সহকারে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জগন্নাথ হল স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন; সকাল ৮:০০টা থেকে ৯:০০টা পর্যন্ত অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে আলোচনা সভা, ৯:০০টা থেকে ১০:০০টা হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টান ধর্মাবলম্বীদের প্রার্থনা সভা, বাদ আছর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআ সহ বিভিন্ন হলের মসজিদে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত, সকাল ১০:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায় নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন, সকালে জগন্নাথ হল প্রাঙ্গনে রক্তদান কর্মসূচি। সন্ধ্যা ৬:৩০টায় জগন্নাথ হল উপাসনালয়ে ভক্তিমূলক গানের অনুষ্ঠান, শোক সঙ্গীত ও কবিতা আবৃত্তি ।

উল্লেখ্য, ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য প্রতি বছর দিবসটি পালন করা হয়।

ঢাবি শিক্ষকদের সাথে উপাচার্যের মত বিনিময়

ঢাবিকে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে সকল শিক্ষকের সহযোগিতা চাই- উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠ পরিবেশ রক্ষা, শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন এবং একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল করতে শিক্ষকদের সহযোগিতা চেয়েছেন। গত ১২ অক্টোবর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শিক্ষকদের সঙ্গে এক মতবিনিময় সভায় উপাচার্য এই সহযোগিতা চান।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং বিপুল সংখ্যক শিক্ষক উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে শিক্ষকদের গঠনমূলক পরামর্শ ও দিকনির্দেশনাকে যথাযথ গুরুত্ব দেওয়া হবে। সভায় উপস্থিত শিক্ষকগণ উপাচার্যকে অভিনন্দন জানান এবং তাকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। এসময় শিক্ষক নিয়োগ ও পদোন্নতি পদ্ধতির আধুনিকায়ন, প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে তরুণ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্কের উন্নয়ন, গবেষকদের উদ্বুদ্ধ করণে নানা প্রকল্প গ্রহণ, শিক্ষক মূল্যায়ন পদ্ধতি চালু, বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম ডিজিটাইজেশনের আওতায় আনা, গবেষণা খাতে বরাদ্দ বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

ছয় ইমেরিটাস অধ্যাপককে সম্মাননা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়া)-এর প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ছয় ইমেরিটাস অধ্যাপকসহ সাতজনকে সম্মাননা প্রদান করা হয়েছে। গত ১ অক্টোবর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে আয়োজিত এক অনুষ্ঠানে তাদের এ সম্মাননা দেওয়া হয়।

সম্মাননাপ্রাপ্তরা হলেন- শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. সুলতানা সারোয়াত আরা জামান, দর্শন বিভাগের অধ্যাপক ড. আবদুল মতীন, ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী, বাংলা বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জামান, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. নাজমা চৌধুরী, ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজি বিভাগের অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী এবং ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি বিচারপতি মোহাম্মাদ ইব্রাহীম (মরণোত্তর)। প্রত্যেককে স্বর্ণপদক ছাড়াও একটি ক্রেস্ট এবং উত্তরীয় পরিয়ে সম্মাননা জানানো হয়।

অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং বিশেষ অতিথি ছিলেন অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালন করেন অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার।

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, সারা বিশ্বে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাইরা অনেক দায়িত্ব পালন করেন। শুধু অবকাঠামোগত উন্নয়ন নয়, জ্ঞানের বহুমুখী শাখায় তাঁরা নানামাত্রিক দায়িত্ব পালন করতে পারেন। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাইয়ের আজকের এই গুণীজন সম্মাননা সে রকমই একটি উদ্যোগ। আশা করি ভবিষ্যতেও এ ধারাবাহিকতা অব্যাহত থাকবে।



বিশেষ অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এখানে জাতির শ্রেষ্ঠ সন্তানদের সম্মাননা জানানো হয়েছে। তাঁদের সবার 'কপিরাইট সম্মান' রয়েছে। তাঁদের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্বসমাজে পরিচিতি লাভ করেছে।

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শুরু থেকেই শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান চর্চায়, রাজনৈতিক দীক্ষায় আর সাংস্কৃতিক জাগরণে অনন্য ভূমিকা রেখেছেন এই বিশ্ববিদ্যালয়ের মানবতাবাদী শ্রদ্ধেয় শিক্ষকেরা।

দু'দিনব্যাপী আন্তর্জাতিক উর্দু সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগের উদ্যোগে "Urdu in the Contemporary World" শীর্ষক দু'দিন ব্যাপী আন্তর্জাতিক উর্দু সম্মেলন গত ৯ অক্টোবর ২০১৭ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. জাফর আহমদ ভূঁইয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. সাজাহান মিয়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়া, সম্মেলন আয়োজক কমিটির সম্পাদক অধ্যাপক ড. মো. ইস্রাফীল ও যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মো. মাহমুদুল ইসলাম অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ভাষার লোকদের মধ্যে পারস্পরিক বুদ্ধিবৃত্তিক যোগাযোগ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। গবেষকদের গুণগত মান উন্নয়নের ক্ষেত্রে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। উল্লেখ্য, বাংলাদেশ ও ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।



উর্দু বিভাগের উদ্যোগে আয়োজিত দু'দিনব্যাপী আন্তর্জাতিক উর্দু সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং সম্মানিত অতিথি ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এবং এডুকেশনাল ও কাউন্সেলিং সাইকোলজি বিভাগের যৌথ উদ্যোগে গত ১০ অক্টোবর ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখ চত্বরে দিনব্যাপী একটি স্টলের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্টলের উদ্বোধন করেন। এবারের বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্য ছিল "কর্মস্থলে মানসিক স্বাস্থ্য"। অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হকসহ বিভাগের শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

* ২য় পৃষ্ঠায় দেখুন

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের উদ্যোগে গত ১২ অক্টোবর ২০১৭ ক্যাম্পাসে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রা উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। 'দুর্যোগ সহনীয় আবাস গড়ি, নিরাপদে বাস করি' এই প্রতিপাদ্য নিয়ে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোভাযাত্রা শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে লেকচার থিয়েটার ভবনে এসে শেষ হয়।

শোভাযাত্রায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, সহকারী অধ্যাপক মো. আবুল কালাম আজাদ, সহকারী অধ্যাপক ড. দিলারা জাহিদ, সহকারী অধ্যাপক মো. খালিদ হাসান, দুর্যোগ ফোরামের নির্বাহী পরিচালক গওহর নঈম ওয়ারা উপস্থিত ছিলেন। কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট এবং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেন।

"বাংলাদেশের প্রেক্ষাপটে কর্মস্থলে মানসিক স্বাস্থ্য" শীর্ষক সেমিনার

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ, নাসিরুল্লাহ সাইকোথেরাপি ইউনিট, বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে গত ১০ অক্টোবর ২০১৭ "বাংলাদেশের প্রেক্ষাপটে কর্মস্থলে মানসিক স্বাস্থ্য" শীর্ষক এক সেমিনার বিজনেস স্টাডিজ অনুষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা: মো: ফারুক আলম, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম-এর প্রকল্প পরিচালক ড. আবুল হোসেন এবং এল. এফ. এম. ই. এ. বি'র সভাপতি ও পিকার্ড বাংলাদেশ লিমিটেড-এর মহাব্যবস্থাপক মো: সায়ফুল ইসলাম।

Challenges of Change : Training Women to Manage in the Bangladeshi Garment Sector শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ২৪ সেপ্টেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের লেকচার থিয়েটারে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে "Challenges of Change : Training Women to Manage in the Bangladeshi Garment Sector" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. অতনু রব্বানী।

এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি)-এর সেন্টার ফর জেন্ডার এন্ড সোশ্যাল ট্রান্সফরমেশন-এর প্রধান সমন্বয়ক এবং জেন্ডার স্টাডিজ ক্লাস্টার-এর প্রধান সিমিন মাহমুদ।

জসিম উদ্দীন মণ্ডলের মৃত্যুতে উপাচার্যের শোক

বৃটিশ বিরোধী আন্দোলন, শ্রমিক আন্দোলনের প্রখ্যাত নেতা ও বিশিষ্ট প্রগতিশীল রাজনীতিবিদ জসিম উদ্দীন মণ্ডলের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জসিম উদ্দীন মণ্ডল জনদরদী মানুষ হিসেবে বাংলাদেশের সমাজ প্রগতির অব্যাহত কর্মকাণ্ডে বিশেষ ভূমিকা রেখে গেছেন। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, জসিম উদ্দীন মণ্ডল বাংলাদেশের কমিউনিস্ট পার্টির উপদেষ্টা মণ্ডলীর সদস্য ছিলেন। গত ২ অক্টোবর ২০১৭ ভোরে তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর।

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজের পরীক্ষার্থীদের জ্ঞাতার্থে

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭টি কলেজের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৭ বৃহস্পতিবার অনুষ্ঠেয় এমএ, এমএসএস, এমএসসি ও এমবিএস শেষ পর্ব (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার সময়সূচী অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। উক্ত পরীক্ষাটি আগামী ১ নভেম্বর ২০১৭ বুধবার যথাসময়ে অনুষ্ঠিত হবে।

এছাড়াও পূর্বে পরিবর্তিত তারিখ অনুযায়ী গণিত পরীক্ষা আগামী ৩১ অক্টোবর ২০১৭ মঙ্গলবার যথাসময়ে অনুষ্ঠিত হবে।

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

* ১ম পৃষ্ঠার পর

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মানসিক স্বাস্থ্য দিবসটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দিন। এই দিনটিকে বেছে নেওয়া হয়েছে যাতে মানসিক স্বাস্থ্যের বিষয়ে মানুষ সচেতন হয়। তিনি আরও বলেন, প্রতিটি মানুষেরই কোন না কোনভাবে মানসিক থেরাপি প্রয়োজন। আমরা কোন মানুষকে যেন সমাজ থেকে বিচ্ছিন্নভাবে মানুষ হিসেবে গ্রহণ না করি। শারীরিক ও মানসিক দু' ধরনের সুস্থতাই সকলের কাম্য। এই বিষয়টি অনুধাবণ করা অত্যন্ত জরুরী। আজকের প্রতিপাদ্য বিষয়টি মানুষের কর্মউদ্দীপনা সৃষ্টির ক্ষেত্রে নিঃসন্দেহে সচেতনতা বৃদ্ধি করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

প্রত্যেকের নিজ নিজ অবস্থানে সততা বজায় রাখা প্রয়োজন-উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, সত্য এমন একটি শক্তি, যা সব সময় জাগ্রত থাকে। সাময়িক সময়ের জন্য মিথ্যা জয়ী হলেও সত্যের জয় চিরন্তন। তাই জীবনের সব ক্ষেত্রে প্রত্যেকের নিজ নিজ অবস্থানে সততা বজায় রাখা প্রয়োজন।

গত ১৬ সেপ্টেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের মুজাফফার আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত ক্রিমিনোলজি বিভাগের ২০১৭ সালের 'মাস্টার্স ইন ক্রিমিনোলজি এন্ড ক্রিমিনাল জাস্টিস' প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিভাগের ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্ধৃতি তুলে ধরে তিনি বলেন, বঙ্গবন্ধু আজীবন সততার সঙ্গে নিজের ওপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। তিনি কখনো মিথ্যার সঙ্গে আপস করেননি। উপাচার্য নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি অন্যতম প্রধান বৈশিষ্ট্য হচ্ছে অসাম্প্রদায়িক চেতনা ধারণ করা। প্রতিষ্ঠালগ্ন থেকেই এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা অসাম্প্রদায়িক চেতনাকে লালন করে এসেছেন। আজকে নতুন প্রজন্মের শিক্ষার্থীদের এই অসাম্প্রদায়িক এবং মুক্তিযুদ্ধের আদর্শের বাংলাদেশ গড়তে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান। পরে বিভাগীয় শিক্ষার্থীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঢাবি অধিভুক্ত কলেজের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার্থীদের জ্ঞাতার্থে

গত ৮ অক্টোবর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক দফতর থেকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়েছে যে, ২০১৬ সনের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন) পরীক্ষা আগামী ২৩ অক্টোবর ২০১৭ সোমবার থেকে অনুষ্ঠিত হবে। বিস্তারিত সময়সূচী যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।

'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক মুনতাসীর মামুন



অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ পেয়েছেন ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন। তিনি আগামী এক বছর এই পদে থেকে বঙ্গবন্ধু ও বাংলাদেশ নিয়ে গবেষণা করবেন। গত ১৬ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভায় তাকে এই পদের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে।

অধ্যাপক মুনতাসীর মামুনের জন্ম ১৯৫১ সালের ২৪ মে ঢাকায়। তিনি ১৯৬৬ সালে চট্টগ্রামের পোর্ট ট্রাস্ট হাই স্কুল থেকে এসএসসি, ১৯৬৮ সালে চট্টগ্রাম কলেজ থেকে এইচএসসি পাশ করেন। ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ থেকে বিএ (অনার্স) এবং ১৯৭৪ সালে এমএ ডিগ্রী লাভ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৩ সালে পিএইচ ডি ডিগ্রী অর্জন করেন।

অধ্যাপক মুনতাসীর মামুন ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন ১৯৭৪ সালের ৩১ অক্টোবর। তিনি ১৯৮০ সালের ১ ফেব্রুয়ারি সহকারী অধ্যাপক, ১৯৮৬ সালের ২৫ ডিসেম্বর সহযোগী অধ্যাপক এবং ১৯৯১ সালের ১৮ ফেব্রুয়ারি অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। তিনি ২০১৬ সালের ৩০ জুন বিশ্ববিদ্যালয় থেকে অবসরকালীন ছুটিতে যান।

তিনি ১৯৮৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর সাউথ এন্ড সাউথ-ইস্ট এশিয়ান স্টাডিজ-এ 'ইনসাইড ব্যুরোক্রেসিৎ : বাংলাদেশ' শীর্ষক গবেষণা সম্পন্ন করেন। অধ্যাপক মুনতাসীর একজন লেখক, শিক্ষাবিদ ও ইতিহাসবিদ হিসেবে সর্বজন পরিচিত। ঢাকা শহর এবং ঢাকার ইতিহাস নিয়ে তিনি গবেষণা করেছেন। তার প্রকাশিত গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- লাইফ এন্ড সোসাইটি ইন ইস্ট বেঙ্গল : ১৮৫৭-১৯০৫, (১৯৮৬); উনিশ শতকের পূর্ব বাংলা (১৯৮৬), কালীপ্রসন্ন ঘোষ (১৯৮৯), পুরান ঢাকা (১৯৮৯) ইত্যাদি।

উল্লেখ্য, ১৯৯৯ সালে 'বঙ্গবন্ধু চেয়ার' প্রতিষ্ঠা করার পর এর আগে এই পদে দায়িত্ব পালন করেছেন অধ্যাপক এনায়েতুর রহিম এবং বিশিষ্ট কথাসাহিত্যিক হাসান আজিজুল হক।

ঢাবি মাস্টার অব একাউন্টেন্সি ইন ট্যাক্সেশন প্রোগ্রাম উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগে 'মাস্টার্স ইন একাউন্টেন্সি ইন ট্যাক্সেশন প্রোগ্রাম'-এর 'Entrance Ceremony-২০১৭' গত ১৬ সেপ্টেম্বর ২০১৭ বিজনেস স্টাডিজ অনুষদের কনফারেন্স হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দক্ষ আয়কর কর্মী হিসেবে গড়ে ওঠার পাশাপাশি এই প্রোগ্রামের মাধ্যমে দক্ষ পেশাজীবী তৈরি হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং এনবিআর-এর চেয়ারম্যান মো: নজিবুর রহমান উপস্থিত ছিলেন।

ইউল্যাব-এর পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ ইউনিভার্সিটি ল্যাবরেটরি (ইউল্যাব) স্কুল ও কলেজ-এর বার্ষিক পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৯ সেপ্টেম্বর ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস সেলিনা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক তাহমিনা আখতার। অনুষ্ঠানে স্কুলের এসএসসি ও এইচএসসিতে উত্তীর্ণ মেধাবী শিক্ষার্থীদের সম্মাননা জানানো হয়।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

অস্ট্রিয়ার অধ্যাপক

অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড এ্যাপ্লাইড লাইফ সায়েন্সেস-এর অধ্যাপক ড. ফ্রেঞ্জ ওতনার গত ২ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মো. আমিনুর রহমান মজুমদার ও অধ্যাপক ড. মো. জাকির হোসেন খান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড এ্যাপ্লাইড লাইফ সায়েন্সেস-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।

ভারতীয় প্রতিনিধিদল

ভারতের হায়দারাবাদ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. জাহিদুল হকের নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- পাটনা কলেজ অব কমার্স, আর্টস এন্ড সায়েন্স-এর অধ্যাপক সাফদার ইমাম কাদরী, কলকাতা গার্লস কলেজের উর্দু বিভাগের প্রধান ড. নাঈম আনিস এবং ভারতের ন্যাশনাল কাউন্সিল ফর প্রমোশন অব উর্দু-এর সদস্য হাফিজা মুজাফফর। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে উর্দু ভাষা ও সাহিত্য বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগ আয়োজিত আন্তর্জাতিক উর্দু সম্মেলনে অংশগ্রহণের জন্য ভারতীয় প্রতিনিধি দলটি বর্তমানে বাংলাদেশ সফর করছে।

স্পেনের প্রতিনিধিদল

স্পেনের সান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটি'র অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা-এর নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৯ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস এবং অধ্যাপক ভিক্টোরিয়া ভেজকুয়েজ।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের সান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটি'র মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন।

অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড এ্যাপ্লাইড লাইফ সায়েন্সেস-এর অধ্যাপক ড. ফ্রেঞ্জ ওতনার গত ২ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

স্পেনের সান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটি'র অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা-এর নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৯ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ভারতের হায়দারাবাদ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. জাহিদুল হকের নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ অক্টোবর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানে সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে গত ১০ অক্টোবর ২০১৭ উপাচার্য দফতরে 'ঢাকাবাসী' সংগঠনের পক্ষ থেকে ঢাকার ঐতিহ্যবাহী 'বাকরখানি' ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

তাজউদ্দীন আহমদ এ্যাওয়ার্ড পেলেন ৭ কৃতী শিক্ষার্থী

২০১৫ সালের বিএসএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ১ জন মেধাবী ছাত্রী 'তাজউদ্দীন আহমদ শান্তি স্বর্ণপদক' লাভ করেছেন। এছাড়া, একই বিভাগের আরেকজন ছাত্রীকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। রচনা প্রতিযোগিতায় যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করায় বিভিন্ন বিভাগের ৫জন শিক্ষার্থীকে 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড পুরস্কার' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৮ অক্টোবর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক, বৃত্তি ও পুরস্কার তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' এই অনুষ্ঠানের আয়োজন করে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য সিমিন হোসেন রিমি এমপি বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম স্মারক বক্তৃতা প্রদান করেন। অডিও বার্তার মাধ্যমে স্বাগত ভাষণ দেন 'তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডে'র দাতা মিসেস শারমিন আহমদ। ধন্যবাদ জ্ঞাপন করেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি একজন সৎ ও দেশপ্রেমিক রাজনীতিবিদ ছিলেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অত্যন্ত বিশ্বস্ত সহচর ছিলেন তিনি। উপাচার্য প্রয়াত তাজউদ্দীন আহমদের আদর্শ অনুসরণ করে সৎ ও দেশপ্রেমিক নাগরিক হওয়ার জন্য রাজনীতিবিদ তথা তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ছাত্রী আদিবা সুলতানা মিম 'তাজউদ্দীন আহমদ শান্তি স্বর্ণপদক' লাভ করেন। একই বিভাগের ২য় বর্ষের ছাত্রী মাহাবুবা ইসলাম মীমকে 'তাজউদ্দীন আহমদ বৃত্তি' প্রদান করা হয়। এছাড়া, অর্পিতা হক (ইংরেজি), নিরঞ্জন বিশ্বাস সৈকত (আইন), মো: শফিকুল ইসলাম (নৃবিজ্ঞান), আতাউর রহমান মারুফ (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট) এবং মো: ফরিদুল ইসলাম (প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স স্টাডিজ) 'তাজউদ্দীন আহমদ ট্রাস্ট ফান্ড পুরস্কার' লাভ করেন।

ঢাবি-এ এসিএমপি প্রোগ্রাম চালু

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে (আইবিএ) 'এ্যাডভান্সড সার্টিফিকেট ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস (এসিএমপি)' শীর্ষক নতুন একটি প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৫ অক্টোবর ২০১৭ আইবিএ মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই কোর্স উদ্বোধন করেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ভারতের আইআইএম আহমেদাবাদ এবং আইআইটি দিল্লী'র সহযোগিতায় আইবিএ'র ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এমডিপি) এই প্রশিক্ষণ কোর্স চালু করেছে। দেশের বিভিন্ন আইটি প্রতিষ্ঠানের মধ্যম স্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদের সভাপতিত্বে অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রাশেদুল ইসলাম বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়া, এলআইসিটি'র প্রকল্প পরিচালক মো. রেজাউল করিম, আইবিএ'র ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রামের চেয়ারম্যান শেখ মোর্শেদ জাহান, বিবিএ প্রোগ্রামের চেয়ারম্যান ড. মো. রিদওয়ানুল হক, ইওয়াই-এর প্রকল্প পরিচালক বিদ্যুৎ ঠাকুর এবং ভারতের আইআইএম আহমেদাবাদ এবং আইআইটি দিল্লী'র দু'জন অধ্যাপক অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ডিজিটাল বাংলাদেশ গড়তে আইসিটি বিষয়ে দক্ষ মানবসম্পদ সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন। এসিএমপি প্রোগ্রাম এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এসিএমপি প্রোগ্রামের আওতায় দেশের বিভিন্ন আইটি প্রতিষ্ঠানের মধ্যম স্তরের কর্মকর্তাদের প্রজেক্ট ম্যানেজমেন্ট, পিপল ম্যানেজমেন্ট, বিজনেস এন্ড কাস্টমার ম্যানেজমেন্ট, বিজনেস কমিউনিকেশন, স্ট্র্যাটিজি ম্যানেজমেন্ট, বিজনেস এনালাইটিক্স ও সাইবার সিকিউরিটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

নিউজ পোর্টাল ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ভিডিও নিউজ লিংক উদ্বোধন

গত ৩০ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল কক্ষে বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতর পরিচালিত নিউজ পোর্টাল barta.du.ac.bd, DU PR Office YouTube Channel এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ভিডিও নিউজ লিংক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। নিউজ পোর্টাল এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ভিডিও নিউজ লিংক উদ্বোধন করেন সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

এসময় বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর পরিচালক অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভূঞা, ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এ এম আমজাদ, সহকারী প্রক্টর ও লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: আফতাব আলী শেখ, জনসংযোগ দফতরের পরিচালক ড. নূর-ই-ইসলাম সেলু বাসিতসহ দফতরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জগন্নাথ হল সর্বজনীন পূজা কমিটি-১৪২৪-এর আয়োজনে 'শারদীয় দুর্গোৎসব' অনুষ্ঠিত হয়েছে। গত ২৯ সেপ্টেম্বর ২০১৭ (১৪ আশ্বিন ১৪২৪) পূজামণ্ডপ পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। এসময় জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এ এম আমজাদসহ হলের আবাসিক শিক্ষক ও পূজা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২৭তম নাজমা জেসমিন চৌধুরী স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরী স্মরণে ২৭তম স্মারক বক্তৃতা গত ২৬ সেপ্টেম্বর ২০১৭ ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে "ঈশ্বর কণিকার আবিস্কার: পরিচিত মহাবিশ্বের ভবিষ্যৎ" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক অজয় রায়। উপস্থিত ছিলেন এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী সহ ইনস্টিটিউটের শিক্ষকবৃন্দ। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ইফফত আরা নাসরীন মজিদ। বক্তৃতা অনুষ্ঠান সঞ্চালনা করেন ইনস্টিটিউটের প্রভাষক শর্মি বড়ুয়া।

স্মারক বক্তৃতায় ঈশ্বর কণিকার আবিস্কারের পরিপ্রেক্ষিতে পদার্থ বিজ্ঞানের গভীরতম তাৎপর্য বিশ্লেষণ করে ড. অজয় রায় পরিচিত মহাবিশ্বের ভবিষ্যৎ নিয়ে এক আকর্ষণীয় প্রবন্ধ উপস্থাপন করেন। পরিশেষে তিনি ধর্মান্ধতা আর বিজ্ঞানের পরস্পর সংঘাতের কথা উল্লেখ করে বিজ্ঞানীদের দ্বিধাহীন অগ্রযাত্রার প্রত্যয় ব্যক্ত করেছেন। তরুণ শিক্ষার্থীরা তাতে উদ্বুদ্ধ হবে নি:সন্দেহে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতির বক্তব্যে প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি তার লেখনীর মাধ্যমে কঠিন বিষয় নিয়ে অসাধারণ সব গবেষণা সহজ ও সাবলীলভাবে উপস্থাপন করেছেন। অধ্যাপক অজয় রায়ও তেমনি মহাবিশ্বের বিভিন্ন জটিল বিষয়কে সহজভাবে আমাদের সামনে উপস্থাপন করেছেন। তিনি তাঁর আলোচনার মধ্য দিয়ে এ বিষয়ে লেখক ও বিজ্ঞানীদের নতুনভাবে ভাবার সুযোগ সৃষ্টি করে দিয়েছেন।

ইনস্টিটিউটে বাংলা ভাষায় অধ্যয়নরত যুক্তরাষ্ট্রের শিক্ষার্থী ডেনিয়্যাল বাংলা ভাষায় বাংলাদেশে তার অভিজ্ঞতা বর্ণনা করেন। পরে উপাচার্য তাকে মেডেল পরিয়ে দেন এবং সার্টিফিকেট প্রদান করেন।

৭ম প্রাচ্যকলা চিত্র প্রদর্শনী

গত ৯ অক্টোবর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে '৭ম প্রাচ্যকলা চিত্র প্রদর্শনী' উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক রফিকুন নবী, বিশিষ্ট কোলকাতার গভর্নমেন্ট আর্ট কলেজ এবং ইন্ডিয়ান সোসাইটি অব ওরিয়েন্টাল আর্ট-এর শিল্পীবৃন্দ। প্রদর্শনীতে অংশগ্রহণকারী ৫১জন শিল্পীর ৮০টি শিল্পকর্মে প্রাচ্যরীতির বিভিন্ন মাধ্যম, টেকনিক ও শিল্প অনুভূতির নানা প্রভাব লক্ষনীয়।

কবি নির্মলেন্দু গুণ, বিশিষ্ট ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণী, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন এবং বিশিষ্ট ভারতীয় শিল্পী স্বপন দাস।

প্রাচ্যকলা বিভাগের চেয়ারম্যান ও ওরিয়েন্টাল পেইন্টিং স্টাডি গ্রুপের কিউরেটর ড. মলয় বালার স্বাগত বক্তব্যের পর উদ্বোধনী অনুষ্ঠানে রবীন্দ্র সংগীতের সাথে নৃত্য পরিবেশন করেন প্রাচ্যকলা বিভাগের শিক্ষার্থী নিশাত ফেরদৌস। এরপর অতিথিদের বরণ ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

প্রদর্শনী উদ্বোধন করে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, চারুকলা অনুষদ সবসময়ই বাংলাদেশের ঐতিহ্যকে ধারণ করে শিল্পচর্চার প্রদর্শনী করে থাকে। এই প্রদর্শনীর মাধ্যমে অনুষদের শিক্ষক-শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশ ও শিল্পচর্চা আরও সমৃদ্ধ হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

প্রদর্শনীতে অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে প্রাচ্যকলা বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষাপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষার্থী শিল্পীবৃন্দ। প্রাচ্যধারার চিত্র নিয়ে যুক্ত হয়েছেন প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রাচ্যচিত্র চর্চাকারী শিল্পীবৃন্দ। এর মধ্যে প্রয়াত ও প্রবীণ শিল্পীদের চিত্রকর্মও প্রদর্শিত হয়েছে। এদের মধ্যে ছিলেন ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, প্রদর্শনী চলে ১৪ অক্টোবর ২০১৭ পর্যন্ত। সর্ব সাধারণের জন্য প্রদর্শনী প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা ছিল।

প্রদর্শনীতে অংশগ্রহণকারী ভারতীয় শিল্পীরা হলেন ঃ বিনোদবিহারী মুখোপাধ্যায়, বীরেন দে, দেবীপ্রসাদ রায় চৌধুরী, গোপাল ঘোষ, ইন্দ্র দুগার, ক্ষিতীন্দ্রনাথ মজুমদার, মানিকলাল ব্যানার্জী, মৃনাল কান্তি দাস, নিখিল বিশ্বাস, সুধীর খাস্তগীর, অনন্যা রায় চৌধুরী, অনুরাধা গাইন, অপূর্ব সেনগুপ্ত, অর্ঘ দীপ্তকর, বিনয় দেউলি, ইনাক্ষী দাস, মিন্টু নাইয়া, নন্দদুলাল মুখোপাধ্যায়, পরাগ হালদার, রামানন্দ বন্দোপাধ্যায়, রীনা রায়, সোমা মুখোপাধ্যায়, সুকান্ত সাহা, সুস্মিতা সাহা, স্বপন দাস এবং তন্ময় দাসগুপ্ত। বাংলাদেশের শিল্পীরা হলেন ঃ শওকাতুজ্জামান, আব্দুস সাত্তার, অমিত নন্দী, বিকাশ আনন্দ সেতু, ইতি রাজবংশী, ফাহমিদা হক মাহী, হাসুরা আক্তার রুমকী, হরেন্দ্রনাথ রায়, জাঁ-নেসার ওসমান, কান্তিদেব অধিকারী, কাজী নওরীন মিশা, লক্ষণ কুমার সুত্রধর, মলয়বালা, নারগীস পারভীন, নিপা রানী সরকার, নন্দিতা সুতার, রফিক আহমেদ, সামিনা জামান, শংকর মজুমদার, সুমন কুমার সরকার, সানজিদা আক্তার, সুশান্ত কুমার অধিকারী, তাজুল ইসলাম, জাহাঙ্গীর আলম এবং জাহিদ মুস্তফা।

কবি জসীম উদ্‌দীন হল ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি

কবি জসীম উদ্দীন হল ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি করা হয়েছে। এ লক্ষ্যে কবি জসীম উদ্দীন হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ ২০ লাখ টাকার একটি চেক গত ১০ অক্টোবর ২০১৭ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেছেন। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে এরআগে কবি জসীম উদ্দীন হলের প্রভোস্ট ৩০ লাখ টাকার একটি পৃথক চেক গত ০৩ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের কাছে হস্তান্তর করেছিলেন। এই ট্রাস্ট ফান্ডের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং কবি জসীম উদ্দীন হলের আবাসিক শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্দীন হলের একজন ছাত্রকে স্বর্ণপদক এবং ২০জন ছাত্রকে বৃত্তি প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুদানের জন্য কবি জসীম উদ্দীন হলের প্রভোস্টকে ধন্যবাদ জানান। এই ফান্ডের মাধ্যমে শিক্ষার্থীরা উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

মোট মূলধন বর্তমানে ৫০ লাখ টাকায় দাঁড়ালো। উল্লেখ্য, হলের বিভিন্ন অভ্যন্তরীণ খাত থেকে এই অর্থ সংগ্রহ করা হয়। উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে

দুই কৃতী ছাত্রী পেলেন নভেরা দীপিতা স্মৃতি বৃত্তি

২০১৫ ও ২০১৬ সালের বিএসএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ লাভ করায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দুই কৃতী ছাত্রী মনিরা বেগম ও নওশীন জাহান ইতিকে 'নভেরা দীপিতা স্মৃতি' বৃত্তি প্রদান করা হয়েছে। সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২০ আগস্ট ২০১৭ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তির চেক ও সনদপত্র প্রদান করেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অধ্যাপক ড. নাদির জুনাইদ, নভেরা দীপিতার মাতা আদিলা বকুল প্রমুখ বক্তব্য রাখেন। এসময় বিভাগের শিক্ষক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, নভেরা দীপিতা ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মেধাবী শিক্ষার্থী এবং প্রগতিশীল ব্যক্তিত্ব ছিলেন। নভেরা পেশাগত জীবনে ও ব্যক্তিজীবনে এক সংবেদনশীল মানুষ ছিলেন। এ ধরনের ব্যক্তিমানুষ দেশের জন্য, সমাজের জন্য আজও প্রয়োজন। প্রাক্তন উপাচার্য নভেরা দীপিতার আদর্শ অনুসরণের মাধ্যমে পেশাগত জীবনে সংবেদনশীল ও সুনাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য বৃত্তিপ্রাপ্তদের প্রতি আহ্বান জানান। একইসাথে তিনি উপস্থিত শিক্ষার্থীদের নভেরা দীপিতার শিক্ষাজীবন থেকে অভিজ্ঞতা অর্জনের পরামর্শ প্রদান করেন। পরিশেষে নিয়মিতভাবে 'নভেরা দীপিতা স্মৃতি' বৃত্তি প্রদান করার জন্য নভেরা দীপিতার মা'কে তিনি ধন্যবাদ জানান।

'অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক' প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ম্যানেজমেন্ট বিভাগে 'অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠা করা হয়েছে। এর আওতায় স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম ১০ লাখ টাকার একটি চেক গত ২৫ সেপ্টেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আলী আক্কাস, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ।

এই ট্রাস্ট ফান্ড থেকে প্রতিবছর ম্যানেজমেন্ট বিভাগের বিবিএ পরীক্ষায় চূড়ান্তভাবে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্বর্ণপদক প্রবর্তনে আর্থিক অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন, এই অনুদানের ফলে শিক্ষার্থীরা লেখাপড়ায় উৎসাহিত ও অনুপ্রাণিত হবে।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫